# দূর-প্রশিক্ষণ পুস্তিকা
# [Distance-Training Package]

# ৪

# স্পিচ থেরাপী
# [Speech Therapy]

## কথা ও ভাষার বিকাশ
## [Speech & Language Development]

### একটি শব্দের ব্যবহার
### [One Word Level]

বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশন
Bangladesh Protibondhi Foundation

# দূর-প্রশিক্ষণ পুস্তিকা

## কথা ও ভাষার বিকাশ

## ৪

## একটি শব্দ অবস্থানে খেলা

•

প্রকাশকাল
১৯৯০

•

প্রথম সংস্করণ
১৯৯৯

•

লুসি টপিং-এর তত্ত্বাবধানে
তাহসিনা খাতুন

•

চিত্রশিল্পী
জাহাঙ্গীর হোসেন

বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত ও সর্বসত্ত্ব সংরক্ষিত
১২ নিউ সার্কুলার রোড, পশ্চিম মালিবাগ, ঢাকা-১২১৭

# সূচিপত্র


| | | পৃষ্ঠা নং |
|---|---|---|
| | ভূমিকা | ১ |
| | খেলাগুলিকে আরও আকর্ষণীয় করে তোলা | ২-৪ |
| | একটি শব্দের অবস্থানে খেলা | |
| ১.১ | বস্তু নিয়ে লুকোচুরি খেলা | ৫-৬ |
| ১.২ | বস্তুর ছবি মিলানো | ৬-৭ |
| ১.৩ | ব্যাগ নিয়ে খেলা | ৮-৯ |
| ১.৪ | ফ্লানেল বোর্ডে খেলা | ১০-১১ |
| ১.৫ | শরীরের অঙ্গ প্রত্যঙ্গ | |
| | এক | ১২-১৩ |
| | দুই | ১৪-১৫ |
| | তিন | ১৬ |
| ১.৬ | অভিনয়ে 'বাবু' বলে | ১৭ |
| ১.৭ | কিছু কাজের ছবি মিলানো | ১৮-১৯ |
| | কথা বলার বিষয়সমূহ | ২০-২১ |

# ভূমিকা

সাধারণতঃ শিশুরা বিশেষ কোনো শিক্ষা ছাড়াই ভাষা শিখে থাকে। মানুষের কথা শুনে এবং দেখে তারা আস্তে আস্তে ভাষা শিখে, যেমন– যদি সব সময় মা শিশুকে ভাত দেন এবং 'ভাত' শব্দটি বলেন, তখন শিশু ঐ 'ভাত' শব্দটির সাথে বস্তুটির সমন্বয় ঘটাতে আরম্ভ করে। যদি মা কিছুই না বলেন তাহলে শিশুটি শব্দ শিখতে পারে না।

কিছু কিছু শিশু অন্যদের তুলনায় ভাষা তাড়াতাড়ি বলতে শিখে। কিছু শিশুর ভাষা শিখতে সাহায্যের প্রয়োজন হয়। এ বই এমনভাবে তৈরি করা হয়েছে যে, আপনার শিশুর ভাষা শিখতে আপনাকে সাহায্য করবে।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION
BPF

## খেলাগুলো আরো আকর্ষণীয় করে তোলা ঃ

যে খেলাগুলো বর্ণনা করা হয়েছে সেগুলো খুবই সহজ এবং সহজেই শিশুদের কাছে বিরক্তিকর মনে হবে। আপনি এই খেলাগুলোকে আপনার চিন্তা ও বুদ্ধি দিয়ে আরো আকর্ষণীয় ও উত্তেজনাপূর্ণ করে তুলতে পারেন। যেমন–

**মিথ্যা মিথ্যা বা অভিনয়ে খেলা ঃ** খাবার সম্বন্ধে বা খাওয়া নিয়ে কিছু খেলা খেলার পর আপনি কিছু সত্যি খাবার দিয়ে একটি মিথ্যা মিথ্যা দোকান সাজান। আপনি এবং আপনার শিশু পর্যায়ক্রমে দোকানদার হন। এভাবে শিশুর সাথে খেলা করুন।

**গল্প বলা ঃ** কিছু জন্তু নিয়ে খেলা করার পর, ছবির সাহায্যে গল্প বলুন। একটি খামার, কিছু জন্তু, একটি পরিবার যে এই খামারের দেখাশুনা করে এবং একটি বাঘের ছবি আঁকুন। ছবিগুলো দেখিয়ে শিশুকে খামার, সেই খামারের জন্তু এবং সেই পরিবার সম্বন্ধে কিছু বলুন। এখন বলুন কি করে বাঘ একদিন রাতে চুপিচুপি সেই খামারের ঢুকলো এবং মুরগী চুরি করে ... ইত্যাদি।

**বাইরে নিয়ে যাওয়া ঃ** শিশুকে বাজারে নিয়ে যান এবং আপনি খেলার সময় যে সব খাবারের কথা বলেছেন সেগুলো তাকে দেখান।

শিশুকে চিড়িয়াখানায় নিয়ে যান এবং তাকে জন্তুগুলো দেখান। অথবা কোথাও যাওয়ার সময় যেসব জন্তুগুলো আপনার চোখে পড়বে সেগুলো তাকে দেখান।

**শারীরিক ব্যায়াম ঃ** যে সকল শিশু খুব কর্মঠ অথবা সহজে বিরক্ত বোধ করে তাদের শারীরিক কাজকর্মের মাধ্যমে উৎসাহিত করে তোলা সম্ভব। যেমন– যখন ছবির সাথে ছবি মিলানো খেলাটি খেলছে তখন দ্বিতীয় ছবির সেটটি ঘরে শিশুর বিপরীত বা বাইরের দিকে সরিয়ে রাখুন। এখন শিশু দৌড়ে ঘরের বাইরে যাবে এবং ছবিটি তুলে আনবে এবং ছবিটি না দেখে আপনাকে দিবে।

**অথবা**

যদি শিশু সঠিক উত্তর করে তাহলে শিশু একটি লাফ দিবে এবং বাঁকা হয়ে তার পায়ের আঙ্গুল ধরবে। এভাবে শিশুকে খেলায় উৎসাহিত করুন।

## দৈনন্দিন পরিস্থিতিতে ভাষা শিক্ষা ঃ

আপনার শিশুর ভাষার উন্নতিকল্পে দৈনন্দিন পরিস্থিতিগুলো কাজে লাগান। যেমন– খাওয়ানোর সময়, কাপড় পরানোর সময়, বেড়াতে যাওয়ার সময়, প্রতিবেশী বা আত্মীয়-স্বজনের সাথে কথা বলার সময় এবং রান্নার সময় শিশুর সঙ্গে কথা বলুন।

আপনার শিশুর জন্য এই পরিস্থিতিগুলোই যথেষ্ট নয়। আপনি অবশ্যই তার সাথে সব সময় যত বেশি পারেন কথা বলুন। শিশুর সাথে সহজ ভাষায় কথা বলুন এবং যে শব্দগুলো শিশু এখনও পুরোপুরি বলতে পারে না সেদিকে জোর দিন।

উদাহরণস্বরূপ, যখন শিশুকে কাপড় পরাবেন, আপনি তাকে কি কি পরাচ্ছেন তার প্রত্যেকটির নাম বলুন। শিশুকে নির্দিষ্ট একটি জিনিস খুঁজে আনতে বলুন। যেমন– তোমার জুতা কোথায় ? শিশুকে ওর কাপড়গুলোর নাম জিজ্ঞেস করুন, এবং আপনি বলুন এইটা তোমার ....., বাকীটুকু শিশুকে শেষ করতে দিন।

## সাধারণ নির্দেশাবলী ঃ

প্যাকেজের এই কাজগুলো হচ্ছে কিছু খেলা। আপনার শিশু অবশ্যই এই খেলাগুলো খেলে আনন্দ পাবে। শিশুর নতুন কিছু শেখার সবচেয়ে কার্যকরী মাধ্যম হচ্ছে খেলা। খেলাগুলো আপনার শিশুর জন্য যতটুকু সম্ভব আনন্দময় করে তৈরি করুন।


সঠিক উত্তর করার জন্য শিশুকে সব সময় প্রশংসা করুন। ভুল উত্তরের জন্য শিশুকে কখনও বকা দিবেন না। শিশুর কোনো কাজে হতাশ হয়েছেন এমন ভাব প্রকাশ করবেন না। সব সময় শিশুকে উৎসাহ দিবেন। খেলার শেষে, সব সময় শিশুকে বুঝতে দিন সে সঠিক উত্তর করেছে। যদি মনে করেন, তাহলে সঠিক উত্তরের জন্য খেলাটি তার কাছে সহজ করে দিন।

ভাষা শিক্ষা ধীর গতিতে হতে পারে। সেই জন্য যদি শিশু খেলাগুলো পছন্দ করে বা আনন্দ পায় সে আরো খেলতে চাইবে। খেলাগুলো যত বেশি সে খেলবে তত তাড়াতাড়ি সে কথা বলা শিখবে। খেলাগুলো মজা করে তৈরি করুন। তাহলে আপনার শিশু খেলায় অংশ গ্রহণ করতে ইচ্ছুক হবে।

আপনার শিশু যতটুকু না প্রকাশ করতে পারবে তার চাইতে বেশি বুঝতে পারবে– এটাই স্বাভাবিক। অতএব সে প্রকাশমূলক কাজগুলোর তুলনায় বোধশক্তি বা উপলব্ধিমূলক কাজগুলো বেশি ভালো করবে। আপনার শিশু যতটুকু বুঝতে শিখেছে, ততটুকুই সে প্রকাশ করতে পারবে এটা কখনও আশা করবেন না। শিশুকে কখনও কথা বলতে চাপ দিবেন না বা বাধ্য করবেন না।

**পুরস্কৃত করা ঃ** শিশুকে পুরস্কৃত করলে সে উৎসাহিত হয়। প্রত্যেকবার সঠিক উত্তরের জন্য তাকে একটি ছোট কাগজের টুকরো দিন। যখন সে কিছু সংখ্যক টুকরো জমা করতে পারবে তখন তাকে এমন কিছু করতে দিন যেটা সে পছন্দ করে এবং আনন্দ পায়।

আপনি অবশ্য আগেই শিশুকে সতর্কতার সাথে বুঝিয়ে বলুন যে সে কিছু কাগজের টুকরো জমা করার পরে পুরস্কার পাবে। পুরস্কারটি অবশ্যই তার আওতার ভিতরে থাকতে হবে। যদি তা ক্ষমতার বাইরে হয় তাহলে শিশুর জন্য সেটা আকর্ষণীয় কিছু হবে না। শিশুকে অবশ্যই কিছু দিনের মধ্যে সেই সংখ্যক টুকরো জমা করতে হবে। একটি চার্ট তৈরি করুন এবং টুকরোগুলো সেই চার্টের উপরে লাগান। তাহলে জিনিসটা শিশুর কাছে খুবই পরিষ্কার হবে।



**অন্যান্য শিশুদের সাথে খেলা ঃ** খেলাগুলো আরো মজাদার হবে যদি অন্যান্য শিশুদের এ খেলায় নেওয়া হয়। আপনি অবশ্যই খেয়াল রাখবেন যাতে অন্য শিশুরা আপনার শিশুর উপর কর্তৃত্ব বা শাসন না করে। মনে রাখবেন খেলাটি আপনার শিশুর জন্য।

# ১.১ বস্তু দিয়ে লুকোচুরি খেলা

**সরঞ্জাম ঃ** শিশুর পরিচিত ছয়টি বস্তু, শব্দ করে এমন একটি জিনিস যেমন– ঘণ্টা, ঢোল, চামচ দিয়ে কিছুতে আওয়াজ করা ইত্যাদি।

*নির্দেশাবলী ঃ*

## বোধশক্তি বা বুঝতে পারা

শিশুকে বস্তুগুলো দেখান এবং প্রত্যেকটি সম্বন্ধে শিশুকে কিছু বলুন ; প্রত্যেকটি বস্তুর নাম এবং সেগুলো আমরা কিভাবে ব্যবহার করি তা বলুন।

- শিশুকে চোখ খুলতে বলুন এবং নির্দিষ্ট একটি বস্তু খুঁজে আপনাকে দিতে বলুন।
- শিশুকে বলুন যে, যদি সে বস্তুটি ঠিকমতো খুঁজে আনতে পারে তাহলে ঘণ্টা বাজবে, আর যদি সে খুঁজে আনতে না পারে তাহলে ঘণ্টা বাজবে না।
- যদি শিশু সঠিক বস্তুটি খুঁজে আনতে পারে তাহলে ঘণ্টা বাজিয়ে শিশুকে প্রশংসিত করুন।
- যদি শিশু ভুল বস্তুটি নিয়ে আসে তাহলে বলুন "না ঘণ্টা বাজবে না" এটা সেটা না।

শিশুকে পুনরায় বস্তুটি খুঁজতে চেষ্টা করতে দিন। – যদি শিশু এখনও খুঁজতে সক্ষম না হয় বলুন "চল আমরা এক সাথে খুঁজি" এবং শিশুকে বস্তুটি খুঁজতে সাহায্য করুন।



এভাবে অন্যান্য বস্তুগুলো খুঁজতে শিশুর সাথে পুনরায় খেলা করুন। যদি শিশুর কাছে খেলাটি শক্ত বা কঠিন মনে হয় তাহলে বস্তুর সংখ্যা কমিয়ে দিন।

সামনে Self-এ কিছু খেলনা লুকানো থাকবে এবং বাচ্চা সেটি খুঁজে আনবে। মা খুশী হয়ে ঘণ্টা/ ঢোল বাজাবে।

প্রকাশ করা

ক) এখানে শিশু আপনাকে বলবে খুঁজতে হবে।

*অথবা*

খ) যখন শিশু বস্তুটি খুঁজে আনবে তখন বলুন, "তুমি কি খুঁজে এনেছ?" শিশুকে নামটি বলতে দিন। (ক থেকে খ সহজ হবে)।

## ১.২ বস্তুর ছবি মিলানো

সরঞ্জাম ঃ কিছু বস্তুর ছবি। (দুই সেট)

*নির্দেশাবলী ঃ*

### বোধশক্তি বা বুঝতে পারা

- ❒ ছবির একটি সেট যারা খেলবে তাদের মধ্যে ভাগ করে দিন।
- ❒ তারা প্রত্যেকে তাদের সামনে ছবিগুলো সাজিয়ে রাখবে।



- ❒ আপনি প্রত্যেকের ছবি দেখুন এবং কার কাছে কি কি ছবি আছে তার নাম বলুন।

- আপনি (বয়স্ক ব্যক্তি) তখন ছবির আরেকটি সেটের উপর থেকে একটি করে ছবি তুলুন এবং ছবিটি অন্যদের না দেখিয়ে ছবির বস্তুটির নাম বলুন।
- ছবিটি যে শিশুর কাছে আছে সে তখন বলবে অথবা হাত তুলবে এবং ছবিটি নিবে।
- যদি শিশু উত্তর দিতে না পারে তখন ছবিটি তাকে দেখান। ছবিটি কিসের পুনরায় বলুন এবং দেখুন সে ছবিটি ঠিকমতো মিলাতে পারে কিনা।

## প্রকাশ করা

বোধশক্তি নির্দেশাবলী মেনে চলুন কিন্তু এখানে শিশুকে দ্বিতীয় ছবির সেটটি থেকে একটি করে ছবি তুলতে দিন এবং যদি পারে তাহলে কিসের ছবি নাম বলতে দিন।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION
BPF

# ১.৩ ব্যাগ নিয়ে উপলব্ধিমূলক বা অনুভূতিমূলক খেলা (Feely Bag Game)

**সরঞ্জাম ঃ** ব্যাগ, শিশুর পরিচিত ছয়টি বস্তু যেমন ঃ চামচ, কাপ, মোজা, চিরুনী, বল, বই ইত্যাদি।

*নির্দেশাবলী ঃ*

## ক) বোধশক্তি বা বুঝতে পারা



- ❒ জিনিসগুলো শিশুর সামনে রাখুন, শিশুকে প্রত্যেকটি জিনিস হাত দিয়ে ধরে অনুভব করতে হবে।
- ❒ শিশুকে এক এক করে প্রত্যেকটি জিনিসের নাম বলুন।

  "দেখ এটা একটা চামচ, কাপ, ... ইত্যাদি।
- ❒ শিশুকে হাত দিয়ে তার চোখ ঢাকতে বলুন।
- ❒ দু'টি জিনিস ব্যাগের ভিতরে রাখুন। যেমন– চামচ এবং বল।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION BPF

এখন শিশুকে ব্যাগের ভিতরে হাত দিয়ে একটি জিনিস যেমন– চামচ বের করতে বলুন।

*(চোখ খোলা থাকবে কিন্তু শিশু ব্যাগের ভিতর তাকাবে না।)*

- ❒ যদি শিশু সঠিক জিনিসটি ব্যাগের ভিতর থেকে বের করতে পারে, তাহলে শিশুকে প্রশংসতি করুন। যেমন বলুন, খুব ভালো। হ্যাঁ, "এটি একটি চামচ" ইত্যাদি।
- ❒ যদি শিশু সঠিক জিনিসটি বের করতে না পারে শিশুকে কখনও ধমক বা বকা দিবেন না। সহজভাবে বলুন, না এটা চামচ না। এটা একটা বল "জিনিসটি আবার ব্যাগের ভিতরে রাখুন। শিশুকে পুনরায় চেষ্টা করতে দিন এবং চামচটি খুঁজে বের করতে বলুন।

- ❒ যদি শিশুটি পুনরায ভুল করে তখন আবার বলুন, "না এটা চামচ না"। এটা একটা বল। "চল দেখি ব্যাগের ভিতরে কি আছে?"
- ❒ ব্যাগটি খালি করুন এবং বলুন "এই যে দেখ এটা চামচ"।
- ❒ এভাবে অন্যান্য বস্তু ব্যাগে রেখে একইভাবে চেষ্টা করুন।



## খ) প্রকাশ করা

- ❒ শিশুর সামনে জিনিসগুলো রাখুন এবং প্রত্যেকটি জিনিসের নাম বলুন।
- ❒ সবগুলো জিনিস ব্যাগের ভিতরে রাখুন।
- ❒ শিশু তখন নিজের হাত ব্যাগের ভিতরে ঢুকাবে। একটি জিনিস বের করে আনবে।
- ❒ যদি শিশু নিজে থেকে জিনিসটির নাম বলতে না পারে তখন শিশুকে এভাবে উৎসাহিত করুন।

  এই যে দেখ এটা একটি "............." । দেখুন শিশু জিনিসটির নাম বলতে পারে কিনা। অন্য একটি বস্তুর নাম বলে শিশুকে জিজ্ঞেস করুন। "এটা কি .........?"
- ❒ যদি শিশু তখনও জিনিসটার নাম বলতে না পারে, আপনি বলুন, "এটা একটা .......। এখন চল দেখি ব্যাগের ভিতরে আর কি কি জিনিস আছে।"

  যখন আপনি জিনিসগুলোর নাম বলবেন তখন বাস্তবে জিনিসগুলো যে যে ভাবে বা কাজে ব্যবহার হয় তা শিশুকে অভিনয় করে দেখান।

  যেমন– শিশুকে বলুন এটা একটা 'চামচ' এবং চামচ দিয়ে যেভাবে খায় তা শিশুকে অভিনয় করে দেখান।


# ১.৪ ফ্লানেল বোর্ড

**সরঞ্জাম ঃ** এক টুকরা ফ্লানেলের কাপড় পিছনে শিরীষ কাগজে লাগানো ৬টি ছবি।

*নির্দেশাবলী ঃ*

## ক) বোধশক্তি বা বুঝতে পারা

- ছবিগুলো শিশুর সামনে উপস্থিত করুন। প্রত্যেকটি ছবি সম্বন্ধে শিশুকে সহজভাবে কিছু বলুন।
- শিশুকে ছবিগুলো ফ্লানেল বোর্ডের উপর লাগাতে বলুন – (প্রয়োজনে লাগিয়ে দেখান)।
- আবার ছবিগুলো বোর্ড থেকে খুলে শিশুর সামনে রাখুন।
- এখন শিশুকে একটি নির্দিষ্ট ছবি (নাম বলুন) বোর্ডের উপর লাগাতে বলুন।



## খ) প্রকাশ করা

- ৩/৪ টি ছবি ফ্লানেল বোর্ডের উপর রাখুন।
- শিশুকে তার নিজের চোখ ঢাকতে বলুন।
- শিশুর চোখ ঢাকা অবস্থায় যে কোনো একটি ছবি বোর্ড থেকে সরিয়ে ফেলুন এবং ছবি একটি ব্যাগে অথবা বাক্সের ভিতরে রাখুন।
- এখন শিশুকে তার চোখ খুলতে বলুন।
- দেখুন কোন ছবিটি সরিয়ে ফেলা হয়েছে তা শিশু বলতে পারে কি না ?
- যখন শিশু বলতে পারবে তখন বাক্স বা ব্যাগটি খুলুন এবং শিশুকে দেখতে দিন, যে সে সঠিক বলেছে কি না।
- যদি শিশুর কাছে কাজটি সহজ মনে হয় তবে আরো বেশি সংখ্যক ছবি নিয়ে শিশুর সাথে পুনরায় খেলা করুন। আর যদি কঠিন বা শক্ত মনে হয় তবে আরো কম সংখ্যক ছবি নিয়ে শিশুর সাথে খেলা করুন।
- এভাবে শরীরের অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গ নিয়ে শিশুর সাথে খেলা করুন।


# ১.৫ শরীরের অঙ্গ-প্রত্যঙ্গ (এক)

সরঞ্জাম ঃ কিছুই না।

*নির্দেশাবলী ঃ*

## ক) বোধশক্তি বা বুঝতে পারা

- ❒ শিশুকে বলুন, "তোমার নাক কোথায়" ?
- ❒ যদি শিশু সঠিক উত্তর দিতে বা দেখাতে পারে, শিশুকে হাততালি দিয়ে প্রশংসিত করুন।
- ❒ যদি শিশু ভুল উত্তর দেয় অথবা একেবারেই উত্তর না দেয় তখন শিশুর হাত ধরে তার নাকটি দেখিয়ে দিন এবং এবং বলুন, "এই যে তোমার নাক"।



- ❒ নির্দেশটি পুনরায় দিন এবং বলুন "এখন তুমি নিজে দেখাও, তোমার নাক কোথায় ?"
- ❒ যদি শিশু সঠিক উত্তর করতে পারে শিশুকে প্রশংসা করুন। যদি শিশু সঠিক বা একেবারেই উত্তর দিতে না পারে তাহলে শিশুকে আবার করিয়ে দেখান।
- ❒ এভাবে শরীরের অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গ নিয়ে শিশুর সাথে খেলা করুন।

## খ) প্রকাশ করা ঃ

- ❒ আপনার নিজের শরীরের একটি অঙ্গের দিকে নির্দেশ করুন এবং বলুন, "এই যে আমার ............. "।
- ❒ শিশুকে নামটি বলতে দিন।
- ❒ যদি শিশু বলতে না পারে বা বাক্যটি শেষ করতে না পারে তখন আপনি বলুন, "এই যে আমার নাক"।
- ❒ আঙুলটি আপনার নাকের উপরে রেখে এবার বলুন "তোমার নাক কোথায়" ?
- ❒ যদি শিশু তখনও বলতে না পারে, বলুন, "এই যে তোমার নাক" (শিশুর হাত ধরিয়ে) এবং এই যে আমার ........"। শিশুকে বাক্যটি শেষ করতে চেষ্টা করতে দিন।
- ❒ এভাবে অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গ নিয়ে শিশুর সাথে পুনরায় খেলা করুন।

# ১.৫ শরীরের অঙ্গ-প্রত্যঙ্গ (দুই) "বাবু বলে"

সরঞ্জাম ঃ কিছুই না।


*নির্দেশাবলী ঃ*

## ক) বোধশক্তি বা বুঝতে পারা



- ❒ শিশুর সামনে বসুন।
- ❒ বলুন, "বাবু বলে তোমার মাথা ধর"।
- ❒ অপেক্ষা করুন যতক্ষণ না শিশু সেটা করে দেখায়। তারপর আপনি নিজে করে দেখান।
- ❒ যদি শিশু নির্দেশ বুঝতে না পারে, তখন আপনি প্রথমে তা করে দেখান, এবার আপনি শরীরের অঙ্গটির নাম বলুন এবং শিশুকে তা অনুকরণ করে দেখাতে বলুন।
- ❒ শরীরের বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গ, যেমন– চোখ, কান, নাক, হাত, পা, পায়ের পাতা, চুল, হাটু ইত্যাদি নিয়ে শিশুর সাথে পুনরায় খেলা করুন।

  অবশ্যই শিশুকে প্রথম বিষয়টি করে দেখাতে বলুন বা দিন। এখানে শিশুর জন্য শব্দটি বুঝতে পারার চাইতে, শিশু ঠিকমতো অনুকরণ করতে পারছে কিনা সেটাই প্রধান লক্ষ্য।



## খ) প্রকাশ করা

- ❒ এবার আপনাকে নির্দেশ দিতে শিশুকে সাহায্য করুন।
- ❒ সমস্ত নির্দেশটি বেশ বড় বলে শিশুকে ভেঙ্গে ছোট করে বলতে দিন, যেমন– এইভাবে ...

  ক) শিশু বলবে, "বাবু বলে" এবং আপনি বাকী বাক্যটুকু সম্পূর্ণ করুন।

  খ) অথবা, আপনি বলুন, "বাবু বলে তোমার ........ ধর" এবং শিশুকে অঙ্গটির নাম বলতে দিন। (যদি শিশুর কাছে অঙ্গের নাম চিনে বলতে অসুবিধা মনে হয় তখন আপনি অঙ্গটির উপর আঙ্গুল দিয়ে নির্দেশ করুন এবং শিশুকে নামটি বলতে দিন।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION
BPF


# ১.৫ শীরের অঙ্গ-প্রত্যঙ্গ (তিন)

সরঞ্জাম ঃ বড় একটি কাগজের টুকরা (খবরের কাগজও ব্যবহার করতে পারেন) এবং পেন্সিল বা ক্রেয়ন ইত্যাদি।

*নির্দেশাবলী ঃ*

## ক) বোধশক্তি বা বুঝতে পারা

- ❒ কাগজের উপরে একটি শিশুর ছবি বড় করে আঁকুন।
- ❒ ছবিটি দেওয়ালের উপর লাগান।
- ❒ ছবিটি শিশুকে বর্ণনা করুন, যেমন– দেখ এটি একটি ছোট বাবু, এই যে বাবুর চুল এবং এই যে কান, দেখ চোখগুলো কালো রং এবং তার একটি বড় নাক আছে ইত্যাদি। শিশুকে অবশ্যই সবকিছু সহজ ভাষায় বর্ণনা করুন।



- ❒ শিশুকে একটি রং পেন্সিল/ ক্রেয়ন দিন।
- ❒ শিশুকে যে কোনো অঙ্গের উপর X (কাটা) চিহ্ন দিতে বলুন, যেমন হাতের উপর X চিহ্ন দাও।

## খ) প্রকাশ করা

- ❒ খেলাটি এখন উল্টাভাবে খেলুন। যেমন– শিশু আপনাকে বলবে এবং আপনি সেই নির্দিষ্ট অঙ্গের উপর X চিহ্ন দিবেন।
- ❒ যদি শিশু খেলাটি শক্ত মনে করে, তখন আপনি X চিহ্ন দিন এবং শিশুকে বলুন, "আমি কোন অঙ্গের উপর X চিহ্ন দিয়েছি ?"

# ১.৬ অভিনয়ে 'বাবু বলে'

সরঞ্জাম ঃ কিছুই না

*নির্দেশাবালী ঃ*

## বোধশক্তি এবং প্রকাশ করা

- ১.৫ (দুই) খেলায় বর্ণিত নির্দেশসমূহ মেনে চলুন।
- শরীরের অঙ্গ-প্রত্যঙ্গের পরিবর্তে কিছু কাজ (doing words) ব্যবহার করুন। যেমন ঃ

বস

দাঁড়াও

লাফাও


দৌড়াও


হাঁট

ঘুমাও

শুয়ে পড়

ইত্যাদি।





# ১.৭ কাজ করছে এমন ছবি মিলানো

সরঞ্জাম ঃ কিছু সহজ কাজ করছে এমন ছবি যেমন– ঘুমাচ্ছে, খাচ্ছে, ধুচ্ছে, দৌড়াচ্ছে, বসে আছে, বল মারছে ইত্যাদি। (প্রত্যেকটি ছবি দুইটি করে)

*নির্দেশাবলী ঃ*

## বোধশক্তি এবং প্রকাশ করা

১.২ নং-এর খেলার নির্দেশগুলো মেনে চলুন। কিন্তু এখানে বস্তুর ছবির পরিবর্তে কাজ করছে এমন ছবি ব্যবহার করুন।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION
BPF

যে সমস্ত খেলাগুলো "প্যাকেজে" পুর্বেই বর্ণনা করা হয়েছে সেগুলো কথা বলার বিভিন্ন ক্ষেত্রে বা বিষয়ে ব্যবহার করা যেতে পারে।

| | খেলা | শব্দ/কথার বিভিন্ন বিষয় |
|---|---|---|
| ১। | ফ্লানেল বোর্ড | মানুষ |
| ২। | ছবি মিলানো | খাবার/রান্নার জিনিস |
| ৩। | লুকোচুরি খেলা | কাপড়-চোপড় |
| ৪। | ব্যাগ নিয়ে খেলা | পারিপার্শ্বিকতা ঘর/ঘরের যাবতীয় জিনিস / জন্তু |

- ছবি ব্যবহার করে কথা বলার যে কোনো বিষয় নিয়ে (১) নং এবং (২) নং খেলাগুলো খেলা যেতে পারে।
- সত্যি বস্তু যেমন– খাওয়ার জিনিস, রান্নার জিনিসপত্র কাপড়-চোপড়, ঘরের জিনিসপত্র, খেলনা জন্তু, অথবা যে কোনো বিষয়ের ছবি দিয়ে লুকোচুরি খেলা।
- সত্যি বস্তু যেমন– খাওয়ার জিনিস, ঘরের জিনিসপত্র ইত্যাদি দিয়ে ব্যাগ নিয়ে খেলাটি খেলা যায়।
- যখন সত্যি বস্তু ব্যবহার করা সম্ভব হয় না তখন ছবির মাধ্যমে প্রকাশ করতে পারা খেলাটি খেলা যেতে পারে।

# কথা বলার বিষয়সমূহ

## ১। মানুষ / লোক ঃ

মা ভাই দাদা / নানা চাচা / মামা খালা
বাবা বোন দাদী / নানী চাচী / মামী খালু
পুলিশ দর্জি ডাক্তার ড্রাইভার, মিস্ত্রী,
দোকানদার বাবুর্চি শিক্ষক রিক্সাওয়ালা নাপিত ইত্যাদি।

## ২। খাবার/রান্নার জিনিসপত্র ঃ

ভাত, কলা, আনারস, বিস্কুট, পানি, ডিম, রুটি, আলু, কেক, চা, দুধ, আম, মিষ্টি, ডাল, চামচ, গ্লাস, হাড়ি, / পাতিল, তাওয়া, শিল, পাটা, ছুরি, বাটি, প্লেট, বেলুন, / পিড়ি, বাটি, / হাতা, কড়াই, খুন্তি, চুলা ইত্যাদি।

## ৩। জামা-কাপড়

প্যান্ট পাজামা জামা (ফ্রক) শাড়ী পেটিকোট সার্ট পাঞ্জাবি কামিজ ব্লাউজ ওড়না জাঙ্গিয়া কোর্ট শাল লুঙ্গি মোজা গেঞ্জি সয়েটার জ্যাকেট টুপি জুতা ইত্যাদি।

## ৪। পরিবেশ

| | | |
|---|---|---|
| রিক্সা | গাছ | বাড়ি |
| বেবীট্যাক্সি | ফুল | দোকান |
| বাস | শস্য | মসজিদ |
| গাড়ী | নদী | স্কুল |
| ট্রেন (রেলগাড়ী) | পুকুর | মার্কেট (বাজার) |
| নৌকা | সূর্য | হাসপাতাল |
| সাইকেল | চাঁদ | সিনেমা হল |
| প্লেন | আকাশ | শিশুপার্ক |
| মেঘ | চিড়িয়াখানা | |
| বৃষ্টি | | |

## ৫। ঘর/ঘরের যাবতীয় জিনিসপত্র

| বাথরুম | শোবার ঘর | বসার ঘর |
| --- | --- | --- |
| সাবান | বিছানা | চেয়ার |
| দাঁতের ব্রাশ | খাট | টেবিল |
| পেস্ট | বালিশ | সোফা |
| বালতি | গদি | কার্পেট |
| মগ | তোষক | লাইট |
| বদনা | চাদর | টিভি |
| গামছা | মশারী | শোকেস |
| আলনা | | |
| আলমারী | | |

## ৬। জন্তু

| | | | | |
| --- | --- | --- | --- | --- |
| বিড়াল | মুরগী | হাতি | ভাল্লুক | হরিণ |
| কুকুর | হাঁস | বাঁদর | খরগোস | উট |
| গরু | পাখী | বাঘ | সাপ | ছাগল |
| মহিষ | সিংহ | জিরাফ | মাছ | ব্যাঙ |
| ঘোড়া | জেব্রা | পিঁপড়া | প্যাঁচা | মাকড়শা |
| মশা | | | | |
| মাছি | | | | |
| তেলাপোকা | | | | |
| টিকটিকি | | | | |
| ইঁদুর | | | | |
| কাক | | | | |

BANGLADESH PROTYBONDHI FOUNDATION
BPF

BPF